# সেবা পদ্ধতি সহজিকরণ কার্যক্রম

## আইডিয়ার শিরোনাম:

## আইসিবি ইউনিট ফান্ডের ডুপ্লিকেট লভ্যাংশপত্র ইস্যুকরণ সেবা সহজিকরণ




ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ

INVESTMENT CORPORATION OF BANGLADESH

বিডিবিএল ভবন (লেভেল- ২১), ৮ রাজউক এভিনিউ, ঢাকা- ১০০০।


সহযোগিতায়: মন্ত্রিপরিষদ বিভাগ ও এটুআই



**ব্যবস্থাপনা পরিচালক**
ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি)
প্রধান কার্যালয়, ঢাকা।

## মুখবন্ধ

একটি তথ্য প্রযুক্তি নির্ভর বঙ্গবন্ধুর সোনার বাংলা গড়তে 'রূপকল্প-২০২১' বাস্তবায়ন, টেকসই উন্নয়ন অভিলক্ষ্য ২০৩০ অর্জন এবং ২০৪১ সালের মধ্যে একটি উন্নত অন্তর্ভুক্তিমূলক বাংলাদেশ বিনির্মাণের লক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের গভর্ন্যান্স ইনোভেশন ইউনিট, একসেস টু ইনফরমেশন (a2i) প্রোগ্রাম এবং মন্ত্রিপরিষদ বিভাগ নাগরিক সেবায় উদ্ভাবনী চর্চার সুযোগ তৈরির লক্ষ্যে নিরলসভাবে কাজ করে যাচ্ছে।

আইসিবি তাঁর প্রতিষ্ঠালগ্ন থেকেই একটি সুদৃঢ় পুঁজিবাজার গঠন ও উন্নয়নের মাধ্যমে সমৃদ্ধ অর্থনীতির ধারায় সম্পৃক্ত হতে কর্ম প্রচেষ্টা অব্যাহত রেখেছে। একমাত্র বিশেষায়িত রাষ্ট্রীয় বিনিয়োগ প্রতিষ্ঠান হিসিবে আইসিবি দেশের আর্থিক বাজারে একটি গৌরবময় সমৃদ্ধ, দায়বদ্ধ এবং নির্ভরযোগ্য প্রতিষ্ঠান হিসেবে স্বীকৃতি অর্জন করেছে। পুঁজিবাজার উন্নয়নের লক্ষ্যে দেশে দ্রুত ও টেকসই শিল্পায়ন, বিনিয়োগ সম্প্রসারণ অর্জনের ক্ষেত্রে আইসিবি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সাথে একাত্ম হয়ে কাজ করছে। নাগরিক সেবা প্রদান প্রক্রিয়া সহজিকরণের পন্থা হিসেবে উদ্ভাবনী ধারণা ও কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে আর্থিক প্রতিষ্ঠান বিভাগের নির্দেশনায় আইসিবি কর্তৃক উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। সেবা সহজিকরণের রোডম্যাপ প্রণয়ন ও বাস্তবায়নের অংশ হিসেবে আইসিবি ইউনিট ফান্ডের ''ডুপ্লিকেট লভ্যাংশপত্র ইস্যুকরণ সেবা সহজিকরণ'' উদ্যোগকে আমি স্বাগত জানাই। এর সাথে সংশ্লিষ্ট সকলের প্রতি রইল আমার শুভেচ্ছা ও আন্তরিক অভিনন্দন। এ উদ্যোগটি বাস্তবায়নের ফলে আইসিবি ইউনিট গ্রাহকসেবায় গতিশীলতা বৃদ্ধি পাবে। গ্রাহকগণ কম সময়ে এবং কম খরচে লভ্যাংশপত্র হস্তগত না হওয়া /হারিয়ে যাওয়া লভ্যাংশের পরিবর্তে ডুপ্লিকেট লভ্যাংশপত্র পাবেন। এ সেবাটি সহজিকরণে সেবাগ্রহীতাদের দুর্ভোগ লাঘব হবে যা জনকল্যাণে অশেষ ভূমিকা পালন করবে।

জনগণ যাতে তথ্য প্রযুক্তি ব্যবহার করে দ্রুত সেবা পেতে পারে সেজন্য আইসিবি আন্তরিকভাবে দৃঢ় প্রত্যয়ে কাজ করে যাচ্ছে। প্রতিষ্ঠানের স্বচ্ছতা, জবাবদিহিতা ও স্থিতিশীলতা নিশ্চিতকরণে উদ্ভাবনী ও সৃজনশীল উদ্যোগের কোন বিকল্প নেই।

''ডুপ্লিকেট লভ্যাংশপত্র ইস্যুকরণ সেবা সহজীকরণ'' প্রতিবেদন প্রণয়ন সম্পাদিত উদ্যোগ গ্রহণ, প্রয়োজনীয় প্রশিক্ষণ ও নির্দেশনা প্রদানের জন্য আমি প্রধানমন্ত্রীর কার্যালয়ের এটুআই প্রোগ্রামে মন্ত্রিপরিষদ বিভাগ, ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগের কর্মকর্তাগণকে আন্তরিক কৃতজ্ঞতা জানাই। পাশাপাশি আইসিবি-র সংশ্লিষ্ট ডিভিশন/ডিপার্টমেন্ট, আইডিয়াটি বাস্তবায়নকারী টিম, ইনোভেশন টিম এবং সফটওয়্যার প্রণয়নকারী টিমসহ আইসিবি-র শাখা ও এজেন্ট ব্যাংকের সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে আন্তরিকভাবে অভিনন্দন জানাচ্ছি। কর্পোরেশনের বিভিন্ন সেবাকে আরও গ্রাহকবান্ধব করার লক্ষ্যে আইসিবি-র এরূপ উদ্ভাবনী ধারাবাহিকতা আগামীতে বজায় থাকবে বলে আমি বিশ্বাস করি।

(কাজী ছানাউল হক)



**উপ-ব্যবস্থাপনা পরিচালক**
ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি)
প্রধান কার্যালয়, ঢাকা।

## প্রসঙ্গ কথা

বর্তমান সরকারের 'রূপকল্প-২০২১' ডিজিটাল বাংলাদেশ গড়ার উদ্যোগকে আরও বেগবান করতে আইসিবি আইসিটি ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করেছে।

ডিজিটাল সেবা বা ই-সেবা তৈরীর পূর্বশর্ত হচ্ছে সেবা পদ্ধতি সহজিকরণ। সেবার কার্যক্রম বাস্তবায়নের জন্য TCV কমাতে হবে, যার সঙ্গে উদ্ভাবনও অঙ্গাঅঙ্গীভাবে জড়িত। আইসিবি-র সেবাসমূহকে আরও গ্রাহকবান্ধব, আধুনিক ও ডিজিটালকরণের লক্ষ্যে আইসিবি-র কর্ম সম্পাদন চুক্তি এবং বার্ষিক উদ্ভাবন কর্ম পরিকল্পনায় সেবা সহজিকরণ কার্যক্রম গ্রহণ করা হয়েছে। এই ধারাবাহিকতায় আইসিবি ইউনিট ফান্ডের গ্রাহকদের জন্য 'ডুপ্লিকেট লভ্যাংশপত্র ইস্যুকরণ সেবা সহজিকরণের' উদ্যোগ খুবই গুরুত্বপূর্ণ একটি পদক্ষেপ। সেবাটি বাস্তবায়নের ফলে যে কোনো কারণে হারিয়ে যাওয়া, হস্তগত না হওয়া লভ্যাংশের পরিবর্তে আইসিবি প্রধান কার্যালয় হতে দ্রুত লভ্যাংশপত্র ইস্যু করা সম্ভব হবে। ফলে তীব্র যানজট পেরিয়ে গ্রাহকদের ইউনিট ইস্যুকারী শাখায় গমন করতে হবে না। এতে যাতায়াত ব্যয় সাশ্রয় হবে, ভিজিট কম হবে এবং সময় ব্যয় কম হবে। 'ডুপ্লিকেট লভ্যাংশ' পেতে ত্বরিত ব্যবস্থা গ্রহণের এ উদ্যোগে গ্রাহক সন্তুষ্টি এবং সেবাপ্রদানকারী প্রতিষ্ঠান হিসেবে জবাবদিহিতা অর্জিত হবে বলে আমি বিশ্বাস করি। ভবিষ্যতে আইসিবি-র অন্যান্য সেবাসমূহকেও জনগণের হাতের নাগালে পৌঁছানোর লক্ষ্যে এবং সর্বোচ্চ গ্রাহক সন্তুষ্টি অর্জনের লক্ষ্যে আন্তরিকভাবে সেবা সহজিকরণ প্রচেষ্টার এ জার্নি অব্যাহত থাকবে বলে আমি প্রত্যাশা করি। ইউনিট ফান্ডের সেবা সহজিকরণের এ শুভ উদ্যোগ গ্রহণের সাথে জড়িত আইসিবি-র সংশ্লিষ্ট সকল পক্ষকে ধন্যবাদ জানাই। আর এ উদ্যোগের অভিভাবক মন্ত্রিপরিষদ বিভাগ, এটুআই ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগের মূল্যবান দিক নির্দেশনার প্রতিও রইল আমার আন্তরিক কৃতজ্ঞতা।

(মোঃ মোসাদ্দেক-উল-আলম)



**মহাব্যবস্থাপক**
ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি)
প্রধান কার্যালয়, ঢাকা।

## দু'টি কথা

আইসিবি মূলতঃ পুঁজিবাজার উন্নয়ন ও বিনিয়োগের ক্ষেত্র সম্প্রসারণে কাজ করে থাকে। আইসিবি-র মৌলিক কার্যাবলীর মধ্যে ইউনিট ফান্ড ব্যবস্থাপনা অন্যতম। আইসিবি পুনর্গঠনের আওতায় সাবসিডিয়ারি কোম্পানি আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লি: ১ জুলাই, ২০০২ তারিখ হতে ইউনিট বিক্রয় কার্যক্রম শুরু করায় নতুনভাবে আইসিবি ইউনিট সার্টিফিকেট বিক্রয় কার্যক্রম (সিআইপি ব্যতীত) বন্ধ রয়েছে। তবে বিদ্যমান ফান্ডটি আইসিবি-র ব্যবস্থাপনায় পরিচালিত হয়ে আসছে। আইসিবি প্রধান কার্যালয় ছাড়াও ঢাকা ও ঢাকার বাহিরে অবস্থিত আইসিবি-র ৭টি শাখা কার্যালয় এবং সোনালী, অগ্রণী, জনতা, রূপালী, আইএফআইসি, উত্তরা, পূবালী, ইউসিবিএল, ইস্টার্ণ, সিটি ব্যাংক, বাংলাদেশ কৃষি ব্যাংক, ঢাকা ব্যাংক, প্রাইম ও বিডিবিএলসহ মোট ৬৭ টি শাখার মাধ্যমে আইসিবি ইউনিট ফান্ড কার্যক্রম চলমান রয়েছে। বর্তমানে এ ফান্ডের ধারক সংখ্যা প্রায় ২৯,০৮৫ জন।

আইসিবি ইউনিট ফান্ড হতে ধারকগণের জন্য প্রতি বছর আকর্ষণীয় হারে লভ্যাংশ প্রদান করা হয়ে থাকে। আইসিবি শাখাসমূহের ইউনিট ধারকগণের প্রাপ্য লভ্যাংশপত্র শাখাসমূহে এবং অনুমোদিত এজেন্ট ব্যাংক শাখার লভ্যাংশপত্র সরাসরি ইউনিট ধারকগণের ঠিকানায় প্রেরণ করা হয়। যদি কোন কারণে ইউনিট ধারকগণের অনুকূলে প্রেরিত লভ্যাংশপত্র ধারক কর্তৃক গ্রহণ করা না হয়ে থাকে/হারিয়ে যায় সেক্ষেত্রে ইউনিট ইস্যুকারী শাখা হতে ধারকগণের স্বাক্ষর যাচাইপূর্বক Duplicate লভ্যাংশপত্র ইস্যু করা হয়ে থাকে। উল্লেখ্য, ডুপ্লিকেট লভ্যাংশপত্র ইস্যুকরণে গ্রাহকের স্বাক্ষর যাচাইকরণ একটি আবশ্যক কার্যক্রম। আইসিবি প্রধান কার্যালয়ে সকল ইউনিট ধারকের স্বাক্ষর কেন্দ্রীয়ভাবে সংরক্ষণ, লভ্যাংশপত্র নগদায়নের অবস্থান সম্পর্কে জানতে ই-মেইল প্রেরণ, সফটওয়্যার মডিউল উন্নয়ন, BEFTN -এ লভ্যাংশ প্রেরণ এবং বিভাগীয় নোট উপস্থাপনের ধাপ কমিয়ে ডুপ্লিকেট লভ্যাংশপত্র ইস্যুকরণ সেবা বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

ডিজিটাল বাংলাদেশ তথা বঙ্গবন্ধুর সোনার বাংলা গড়তে সরকার ঘোষিত 'রূপকল্প ২০২১' বাস্তবায়ন, টেকসই উন্নয়ন অভিলক্ষ ২০৩০ অর্জন এবং ২০৪১ সালের মধ্যে বাংলাদেশকে উন্নত দেশভুক্ত করণে সরকারের সুদূর প্রসারি কর্মপরিকল্পনার অংশ হিসাবে মন্ত্রী পরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী ''নাগরিক সেবায় উদ্ভাবন'' বিষয়ক কার্যক্রম আইসিবি-র বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি ও বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত রয়েছে। তারই ধারাবাহিকতায় আইসিবি ইউনিট গ্রাহকদের জন্য **''আইসিবি ইউনিট ফান্ডের ডুপ্লিকেট লভ্যাংশপত্র ইস্যুকরণ সেবা সহজিকরণের''** আইডিয়াটি বাস্তবায়ন করা হয়েছে। উক্ত সেবাটি সহজিকরণের ফলে আইসিবি ইউনিট ধারকগণ হারিয়ে যাওয়া লভ্যাংশপত্রের পরিবর্তে অপেক্ষাকৃত কম সময়ে পদ্ধতিগত জটিলতা হ্রাস করে সহজে ডুপ্লিকেট লভ্যাংশপত্র পাবেন। এতে করে সময় ও যাতায়াত ব্যয় হ্রাস পাবে, ভিজিট কমবে, ভোগান্তি কমবে, গ্রাহকসেবার মান উন্নয়ন হবে, সর্বোপরি কর্পোরেশনের সুনাম বৃদ্ধি পাবে।

''আইসিবি ইউনিট ফান্ডের ডুপ্লিকেট লভ্যাংশপত্র ইস্যুকরণ সেবা সহজিকরণ'' আইডিয়াটি বাস্তবায়নের সাথে সংশ্লিষ্ট কর্মকর্তা, আইসিবির ইনোভেশন টিম ও ইনোভেশন সেল, ইউনিট ফান্ড ডিভিশন, সফটওয়্যার ডিভিশন, আইসিবি প্রশিক্ষণ কেন্দ্র এবং আইসিবির ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে বিশেষভাবে ধন্যবাদ জানাই। পাশাপাশি আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, এটুআই প্রোগ্রাম ও মন্ত্রিপরিষদ বিভাগের কর্মকর্তাগণকে আইডিয়াটি বাস্তবায়নে ও প্রতিবেদন প্রণয়নে সহায়তা ও উদ্যোগ গ্রহণ, প্রয়োজনীয় প্রশিক্ষণ ও নির্দেশনা প্রদানের জন্য আন্তরিক কৃতজ্ঞতা জানাই।

(মোহাম্মদ শাহজাহান)

## ভূমিকা:

বাংলাদেশকে ২০২১ সালের মধ্যে সমৃদ্ধশালী মধ্যম আয়ের দেশে পরিণতকরণ, টেকসই উন্নয়ন অভিলক্ষ্য ২০৩০ অর্জন এবং ২০৪১ এর মাধ্যমে বাংলাদেশকে উন্নত দেশভুক্ত করার লক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক সুদূরপ্রসারি পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। তারই অংশ হিসেবে ''নাগরিক সেবায় উদ্ভাবন'' বিষয়ক কার্যক্রম আইসিবি-র বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি ও বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত রয়েছে। দেশের সম্পদের কার্যকর ব্যবহার এবং সকল বিনিয়োগ, টেকসই ও উচ্চতর মূল্যায়নের জন্য আইসিবি অনুসরণ করে টেকসই উন্নয়ন পরিকল্পনা। এই পরিকল্পনায় উদ্ভাবনী উদ্যোগের কোনো বিকল্প নেই। এসডিজি -এর লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে সুসংহত অবদান ও সাফল্যের ধারা অব্যাহত রাখতে আইসিবি উদ্ভাবনী জার্নিতে সম্পৃক্ত হয়েছে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের a2i এর সহযোগিতায় নাগরিক সেবা সহজীকরণ ও জনবান্ধব করার লক্ষ্যে উদ্ভাবন কার্যক্রম বিকাশের লক্ষ্যে ''নাগরিক সেবায় উদ্ভাবন'' বিষয়ক ৫দিন ব্যাপী কর্মশালা ১৮-২২ মার্চ, ২০১৮ তারিখে আইসিবি প্রশিক্ষণ কেন্দ্রে অনুষ্ঠিত হয়। উক্ত কর্মশালায় আইসিবি-র নিম্নোক্ত কর্মকর্তাগণ অংশগ্রহণপূর্বক **''আইসিবি ইউনিট ফান্ডের ডুপ্লিকেট লভ্যাংশপত্র ইস্যুকরণ সেবা সহজিকরণের''** কর্মপরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়নসূচি প্রণয়ন করেন:

১. মিজ মাহমুদা আক্তার, উপ-মহাব্যবস্থাপক;
২. জনাব মো: মোর্শেদ আনোয়ার, সিনিয়র প্রিন্সিপাল অফিসার;
৩. জনাব মোহাম্মদ আবুল খায়ের আজাদ, সিস্টেম এনালিস্ট;
৪. জনাব মো: মাহবুব আলম, সিস্টেম এনালিস্ট; এবং
৫. জনাব মোহাম্মদ হেলাল উদ্দিন খান, সিনিয়র অফিসার।

উক্ত সেবাটি সহজিকরণের ফলে আইসিবি ইউনিট ধারকগণ হারিয়ে যাওয়া লভ্যাংশপত্রের পরিবর্তে অপেক্ষাকৃত কম সময়ে পদ্ধতিগত জটিলতা হ্রাস করে সহজে ডুপ্লিকেট লভ্যাংশপত্র পাবেন। এতে করে যাতায়াত ব্যয় হ্রাস পাবে, ভিজিট কমবে, ভোগান্তি কমবে, গ্রাহকসেবার মান উন্নয়ন হবে, সর্বোপরি কর্পোরেশনের সুনাম বৃদ্ধি পাবে।

কাজী ছানাউল হক
ব্যবস্থাপনা পরিচালক

# সূচিপত্র...


| শিরোনাম | | পৃষ্ঠা |
|---|---|---|
| ১. সংক্ষিপ্ত প্রতিষ্ঠান পরিচিতি | ............................ | ০১ |
| ১.১ উদ্দেশ্য | ............................ | ০১ |
| ১.২ ব্যবসায় সংক্রান্ত নীতি | ............................ | ০১ |
| ১.৩ কার্যাবলী | ............................ | ০১ |
| ২. সেবার প্রাথমিক ধারণা | ............................ | ০২ |
| ২.১ ইউনিট ফান্ড স্কিম | ............................ | ০২ |
| ২.২ আইসিবি ইউনিট ফান্ড পরিচালনায় নিম্নোক্ত বিষয়সমূহ বিবেচনায় রাখা হয় | ............................ | ০২ |
| ২.৩ আইসিবি ইউনিট ফান্ড হতে প্রদেয় সেবাসমূহ | ............................ | ০২ |
| ৩. ডুপ্লিকেট লভ্যাংশপত্র ইস্যুকরণ সেবা সহজিকরণ | ............................ | ০৩ |
| ৩.১ উদ্দেশ্য | ............................ | ০৩ |
| ৩.২ সংক্ষেপে সেবা সংক্রান্ত তথ্যাবলী | ............................ | ০৩ |
| ৩.৩ মৌলিক তথ্যাবলীর ছক পূরণ | ............................ | ০৩ |
| ৩.৪ বিদ্যমান পদ্ধতির ধাপসমূহ | ............................ | ০৫ |
| ৩.৫ বিদ্যমান সেবার প্রসেস ম্যাপ | ............................ | ০৬ |
| ৩.৬ সেবা গ্রহণ প্রক্রিয়ায় দাখিলীয় এবং অফিস কর্তৃক ব্যবহৃত কাগজাদি/দলিলাদির বর্ণনা | ............................ | ০৭ |
| ৩.৭ বর্তমান পদ্ধতির সমস্যাসমূহের সংক্ষিপ্ত বিবরণ | ............................ | ০৭ |
| ৩.৮ ক্যাটাগরি অনুসারে সমস্যাসমূহের বিবরণ | ............................ | ০৭ |
| ৪. প্রস্তাবিত পদ্ধতির ডিজাইন | ............................ | ০৮ |
| ৪.১ পূর্বের/বিদ্যমান পদ্ধতির সমস্যা সমাধানে ক্যাটাগরি ভিত্তিক প্রস্তাবনা ও সুফল | ............................ | ০৮ |
| ৪.২ সেবা পদ্ধতি সহজিকরণের সুনির্দিষ্ট প্রস্তাবনা | ............................ | ০৯ |
| ৪.৩ অন্যান্য প্রস্তাবনা | ............................ | ০৯ |
| ৪.৪ প্রস্তাবিত সেবার প্রসেস ম্যাপ (SPS ম্যাপ) | ............................ | ১০ |
| ৫. তুলনামূলক বিশ্লেষণ | ............................ | ১১ |
| ৫.১ বিদ্যমান ও প্রস্তাবিত পদ্ধতির ধাপ ভিত্তিক তুলনা | ............................ | ১১ |
| ৬. TCV (Time, Cost & Visit) অনুসারে বিদ্যমান ও প্রস্তাবিত পদ্ধতির তুলনা | ............................ | ১২ |
| ৭. বাস্তবায়নকারী টিম | ............................ | ১৩ |
| ৮. স্টেক হোল্ডার এনালাইসিস | ............................ | ১৩ |
| ৯. আইডিয়া পাইলট করার জন্য প্রয়োজনীয় কার্যক্রম/বাস্তবায়ন সময়সূচি (গ্যান্ট চার্ট): | ............................ | ১৩ |
| ১০. প্রয়োজনীয় রিসোর্স | ............................ | ১৪ |
| ১১. বাস্তবায়ন ও সময়কাল | ............................ | ১৪ |
| ১২. ঝুঁকিসমূহ | ............................ | ১৪ |
| ১৩. সম্প্রসারণের সুযোগ | ............................ | ১৪ |
| ১৪. টেকসই ক্ষমতা (Sustainability) | ............................ | ১৫ |
| ১৫. রেপ্লিকেশন | ............................ | ১৫ |
| ১৬. ভবিষ্যৎ পরিকল্পনা | ............................ | ১৫ |
| ১৭. বিবিধ | ............................ | ১৫ |
| ১৮. উপসংহার | ............................ | ১৫ |
| ১৯. ফটো গ্যালারি | ............................ | ১৬ |
| ২০. সংক্ষিপ্ত রূপ | ............................ | ২০ |

### ১. সংক্ষিপ্ত প্রতিষ্ঠান পরিচিতি:

দেশের দ্রুত শিল্পায়ন এবং সুসংহত ও সক্রিয় পুঁজিবাজার বিশেষ করে সিকিউরিটিজ বাজার উন্নয়নে সরকার কর্তৃক ১৯৭৬ সালের ১ অক্টোবর তারিখে ''দি ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি) অধ্যাদেশ, ১৯৭৬'' (১৯৭৬ সালের ৪০নং অধ্যাদেশ) বলে ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি) প্রতিষ্ঠিত হয়। সঞ্চয় ও বিনিয়োগের হার বৃদ্ধি, পুঁজিবাজারে তারল্য প্রবাহ বৃদ্ধি ও জাতীয় নীতিমালার আলোকে স্বনির্ভর অর্থনীতি গড়ে তোলার লক্ষ্যে আইসিবি নির্ভরযোগ্য ভূমিকা পালন করে থাকে। বর্তমানে কর্পোরেশন ''ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ আইন, ২০১৪'' (২০১৪ সালের ১২নং আইন) অনুযায়ী পরিচালিত হচ্ছে।

#### ১.১ উদ্দেশ্য:

- বিনিয়োগের ক্ষেত্র সম্প্রসারণ ও উৎসাহ প্রদান
- পুঁজিবাজার উন্নয়ন
- সঞ্চয় সংগ্রহ এবং
- প্রাসঙ্গিক সকল প্রকার সহায়তা প্রদান

#### ১.২ ব্যবসায় সংক্রান্ত নীতি:

- শিল্প, বাণিজ্য, আমানতকারী, বিনিয়োগকারী এবং সাধারণ জনগণের স্বার্থের প্রতি দৃষ্টি রেখে বাণিজ্যিক ভিত্তিতে কার্যক্রম পরিচালনা;
- কারিগরি, আর্থিক ও বাণিজ্যিকভাবে সম্ভাবনাময় প্রকল্পে আর্থিক সহায়তা প্রদান;
- এককভাবে অথবা ব্যাংকসহ অন্যান্য আর্থিক প্রতিষ্ঠানের সমন্বয়ে কনসোর্টিয়ামের মাধ্যমে প্রকল্পের ইক্যুইটি ও ঋণ সহায়তা প্রদান;
- দেশে উদ্যোক্তা সৃষ্টি এবং তাঁদের উৎসাহ প্রদান;
- বিনিয়োগ বৈচিত্র্যকরণ;
- সিকিউরিটিজে বিনিয়োগের জন্য ক্ষুদ্র ও মাঝারি সঞ্চয়কারীদের উদ্বুদ্ধকরণ;
- কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা;

#### ১.৩ কার্যাবলী:

- প্লেসমেন্ট ও ইক্যুইটি পার্টিসিপেশনসহ সরাসরি শেয়ার ও ডিবেঞ্চার/বন্ড ক্রয় ও বিক্রয়;
- মিউচ্যুয়াল ফান্ড ও ইউনিট ফান্ডের প্লেসমেন্ট -এ অংশগ্রহণ;
- এককভাবে এবং সিন্ডিকেট গঠনের মাধ্যমে লিজ অর্থায়ন;
- বিনিয়োগ হিসাব ব্যবস্থাপনা;
- ইউনিট ফান্ড ব্যবস্থাপনা;
- পোর্টফোলিও ব্যবস্থাপনা এবং সিকিউরিটিজ ক্রয় বিক্রয়ে অংশগ্রহণ;
- আইসিবি ও এর সাবসিডিয়ারি কোম্পানি পরিচালিত মিউচ্যুয়াল ফান্ড সার্টিফিকেটের বিপরীতে অগ্রিম প্রদান;
- মিউচ্যুয়াল ফান্ডের উদ্যোক্তা হিসেবে অংশগ্রহণ;
- ব্যাংক গ্যারান্টি প্রদান;
- ট্রাস্টি ও কাস্টডিয়ান হিসাবে দায়িত্ব পালন;
- যৌথ উদ্যোগে প্রতিষ্ঠিত কোম্পানির অর্থায়নে অংশগ্রহণ;
- বিনিয়োগকারীদের বিনিয়োগ সম্পর্কিত পরামর্শ প্রদান;
- সরকারের পুঁজি প্রত্যাহার কার্যক্রমে অংশগ্রহণ;
- বাজার চাহিদা উপযোগী নতুন ব্যবসায় উদ্ভাবন;
- পুঁজিবাজার সংক্রান্ত অন্যান্য আনুষঙ্গিক কার্যক্রম;
- ভেঞ্চার ক্যাপিটাল অর্থায়ন;
- মার্জার, একুাইজিশন এবং অ্যাসেট পুনর্গঠন কার্যক্রম সহায়তা প্রদান;
- ইক্যুইটি এন্ড এন্ট্রাপ্রেনারশিপ ফান্ড (ইইএফ) এবং বিভিন্ন সময়ে সরকার কর্তৃক ঘোষিত বিশেষ তহবিল ব্যবস্থাপনা;
- হোল্ডিং কোম্পানি হিসেবে সাবসিডিয়ারি কোম্পানিসমূহের কার্যক্রম তত্ত্বাবধান; এবং
- রাষ্ট্র মালিকানাধীন প্রতিষ্ঠানের শেয়ার অফলোড প্রক্রিয়ায় অংশগ্রহণ।

কাজী ছানাউল হক
ব্যবস্থাপনা পরিচালক

## ২. সেবার প্রাথমিক ধারণা:

### ২.১ ইউনিট ফান্ড স্কিম:

আইসিবি-র মৌলিক কার্যাবলীর মধ্যে ইউনিট ফান্ড ব্যবস্থাপনা অন্যতম। আইসিবি প্রতিষ্ঠার অব্যবহিত পরেই বাংলাদেশ সরকারের অনুমোদনক্রমে ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ কর্তৃক ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ অধ্যাদেশ, ১৯৭৬ এর ২১ (২) ধারা [বর্তমানে ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ আইন, ২০১৪ এর ১৭ (খ) ধারা] এবং আইসিবি ইউনিট রেগুলেশনস, ১৯৮১ এর অধীনে ১০ এপ্রিল, ১৯৮১ -তে আইসিবি ইউনিট ফান্ড (একটি বে-মেয়াদি মিউচ্যুয়াল ফান্ড) গঠিত হয়। বে-মেয়াদি স্কীম (open - end) অর্থ কোন মিউচ্যুয়াল ফান্ডের এমন কোন স্কীম যাহা পরিশোধের জন্য কোন মেয়াদ ও স্কীমের পরিমাণ নির্ধারণ না করে ইউনিট বিক্রয়ের প্রস্তাব করে এবং বুক ক্লোজারের সময় ব্যতিরেকে বছরের সারা সময় ধরে ক্রয় ও পুনঃক্রয়ের সুবিধা প্রদানের প্রস্তাব করে। আইসিবি পুনর্গঠনের আওতায় সাবসিডিয়ারি কোম্পানি আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লি: ১ জুলাই, ২০০২ তারিখ হতে কার্যক্রম শুরু করায় নতুনভাবে আইসিবি ইউনিট সার্টিফিকেট বিক্রয় কার্যক্রম (সিআইপি ব্যতীত) বন্ধ রয়েছে। তবে বিদ্যমান ফান্ডটি আইসিবি-র ব্যবস্থাপনায় পরিচালিত হয়ে আসছে। আইসিবি প্রধান কার্যালয় ছাড়াও ঢাকা ও ঢাকার বাহিরে অবস্থিত ৭টি শাখা কার্যালয়ে (যথা: ঢাকাস্থ স্থানীয় কার্যালয়, রাজশাহী শাখা, চট্টগ্রাম শাখা, খুলনা শাখা, বরিশাল শাখা, সিলেট শাখা ও বগুড়া শাখা) এবং সোনালী, অগ্রণী, জনতা, রূপালী, আইএফআইসি, বিডিবিএল, উত্তরা, পূবালী, ঢাকা, ইউসিবিএল, ইস্টার্ণ, প্রাইম, সিটি ও বাংলাদেশ কৃষি ব্যাংকসহ মোট ৬৭ টি শাখার মাধ্যমে আইসিবি ইউনিট ফান্ড কার্যক্রম চলমান রয়েছে। বর্তমানে এ ফান্ডের ধারক সংখ্যা প্রায় ২৯,০৮৫ জন।

### ২.২ আইসিবি ইউনিট ফান্ড পরিচালনায় নিম্নোক্ত বিষয়সমূহ বিবেচনায় রাখা হয়:

- মূলধনের সর্বোচ্চ নিরাপত্তা প্রদান;
- নীট সম্পদ মূল্য বিবেচনায় ইউনিটের পুন:ক্রয় মূল্য নির্ধারণ;
- সিকিউরিটিজ বিপণন যোগ্যতা;
- বার্ষিক নীট মুনাফার ন্যূনতম ৭০% লভ্যাংশ প্রদান;
- Investment Allowance সুবিধা প্রদান;
- প্রাপ্ত লভ্যাংশের নির্দিষ্ট পরিমাণ আয়কর মুক্ত; এবং
- বৈচিত্র্যময় পত্রকোষ পরিচালনায় ঝুঁকির উপাদানসমূহ।

### ২.৩ আইসিবি ইউনিট ফান্ড হতে প্রদেয় সেবাসমূহ:

- ইউনিট পুন:ক্রয়;
- ইউনিট হস্তান্তর/ট্রান্সমিশন;
- ইউনিট একত্রীভূতকরণ/বিভক্তিরণ;
- CIP সার্টিফিকেট ইস্যুকরণ;
- লভ্যাংশপত্র ইস্যুকরণ;
- ছিঁড়ে/পুড়ে/নষ্ট/হারিয়ে যাওয়ায় নতুন/ডুপ্লিকেট সার্টিফিকেট ইস্যুকরণ;
- ছিঁড়ে/পুড়ে/নষ্ট/হারিয়ে যাওয়া লভ্যাংশপত্রের ডুপ্লিকেট লভ্যাংশপত্র ইস্যুকরণ সেবা প্রদান;
- চাহিদা মোতাবেক আয়কর সনদ, ইনভেস্টমেন্ট সার্টিফিকেট ও Valuation সার্টিফিকেট প্রদান;
- লিয়েন সংক্রান্ত সেবা।

কাজী ছানাউল হক
ব্যবস্থাপনা পরিচালক

## ৩. ডুপ্লিকেট লভ্যাংশপত্র ইস্যুকরণ সেবা সহজিকরণ:

### ৩.১ উদ্দেশ্য:

বিদ্যমান পদ্ধতিতে আইসিবি প্রধান কার্যালয়ে কেন্দ্রীয়ভাবে সকল গ্রাহকের স্বাক্ষর সংরক্ষিত না থাকা, ওয়েব বেইজড সফটওয়্যার না থাকা, স্বাক্ষর সম্বলিত রেজিস্টার সংরক্ষণে পদ্ধতিগত সমস্যা, লভ্যাংশ নগদায়ন বিষয়ে বিলম্বে জবাব প্রাপ্তি, ঠিকানা হালনাগাদ না থাকা ইত্যাদি কারণে আইসিবি শাখা ও ব্যাংক শাখাসমূহের ইউনিট ধারকগণের অনুকূলে প্রেরিত লভ্যাংশপত্র হস্তগত না হওয়া/হারিয়ে যাওয়া লভ্যাংশের পরিবর্তে ডুপ্লিকেট লভ্যাংশপত্র ইস্যু করা সময় সাপেক্ষ ও কষ্টসাধ্য বিষয় ছিল। এক্ষেত্রে সময়, ভিজিট ও ব্যয় কমিয়ে আনার লক্ষ্যে এ পদ্ধতি বাস্তবায়ন করা হয়।

### ৩.২ সংক্ষেপে সেবা সংক্রান্ত তথ্যাবলী:

- সেবা প্রাপ্তির স্থান: ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ
- উপকারভোগী: আইসিবি ইউনিট ধারকগণ।
- ইউনিট ধারক সংখ্যা: ২৯,০৮৫ জন।

### ৩.৩ মৌলিক তথ্যাবলীর ছক পূরণ:

| সেবা প্রদানকারী অফিসের নাম | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী | সেবা প্রাপ্তির স্থান | প্রয়োজনীয় সময় |
|---|---|---|---|
| ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি) | সহকারী মহাব্যবস্থাপক/ সিনিয়র প্রিন্সিপাল অফিসার/ সিনিয়র অফিসার | ইউনিট ফান্ড ডিপার্টমেন্ট বিডিবিএল ভবন (লেভেল-২১) ৮, রাজউক অ্যাভিনিউ, ঢাকা-১০০০। | ১০-১৫ দিন |
| সেবা প্রদান পদ্ধতির সংক্ষিপ্ত বিবরণ: | আইসিবি ইউনিট ফান্ড একটি বে-মেয়াদি মিউচ্যুয়াল ফান্ড। মূলধনের সর্বোচ্চ নিরাপত্তা প্রদান এবং আকর্ষণীয় বাৎসরিক মুনাফা অর্জনে ফান্ডকে সুষ্ঠুভাবে পরিচালনা ও বৈচিত্র্যময় পত্রকোষে বিনিয়োগের লক্ষ্যে এ ফান্ডটি ইউনিট হোল্ডারগণকে সুযোগ প্রদান করে থাকে। আইসিবি ইউনিট ফান্ড হতে ধারকগণের জন্য প্রতি বছর আকর্ষণীয় হারে লভ্যাংশ প্রদান করা হয়ে থাকে। আইসিবি শাখাসমূহের ইউনিট ধারকগণের প্রাপ্য লভ্যাংশপত্র শাখাসমূহে এবং অনুমোদিত এজেন্ট ব্যাংক শাখার লভ্যাংশপত্র সরাসরি ইউনিট ধারকগণের ঠিকানায় প্রেরণ করা হয়। যদি কোন কারণে ইউনিট ধারকগণের অনুকূলে প্রেরিত লভ্যাংশপত্র ধারক কর্তৃক গ্রহণ করা না হয়ে থাকে/হারিয়ে যায়, সেক্ষেত্রে ইউনিট ইস্যুকারী শাখা হতে ধারকগণের স্বাক্ষর যাচাইপূর্বক Duplicate লভ্যাংশপত্র ইস্যু করা হয়ে থাকে। উল্লেখ্য, ডুপ্লিকেট লভ্যাংশপত্র ইস্যুকরণে গ্রাহকের স্বাক্ষর যাচাইকরণ একটি আবশ্যক কার্যক্রম। আইসিবি প্রধান কার্যালয়ে সকল ইউনিট ধারকের (প্রধান কার্যালয়ের গ্রাহক ব্যতিরেকে) স্বাক্ষর কেন্দ্রীয়ভাবে সংরক্ষণ, লভ্যাংশপত্র নগদায়নের অবস্থান জানতে সংশ্লিষ্ট ব্যাংকে ই-মেইল প্রেরণ, সফটওয়্যার মডিউল উন্নয়ন, KYC হালনাগাদকরণ, ওয়েবসাইট হতে আবেদন ফরম সংগ্রহ, BEFTN -এ লভ্যাংশপত্র প্রেরণ এবং বিভাগীয় নোট উপস্থাপনের ধাপ কমিয়ে ডুপ্লিকেট লভ্যাংশপত্র ইস্যুকরণ সেবা বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। তাছাড়া, নতুন (প্রস্তাবিত) পদ্ধতিতে এ সেবাটি বাস্তবায়ন করা হলে নমিনী মনোনয়ন, ইউনিট একত্রীকরণ/ বিভক্তিকরণ/নষ্ট/হারিয়ে যাওয়া প্রভৃতি ক্ষেত্রে নতুন/ডুপ্লিকেট | | |

কাজী ছানাউল হক
ব্যবস্থাপনা পরিচালক

| সেবা প্রদানকারী অফিসের নাম | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী | সেবা প্রাপ্তির স্থান | প্রয়োজনীয় সময় |
|---|---|---|---|
| | সার্টিফিকেট ইস্যুকরণ সংক্রান্ত সেবাসমূহও সহজে প্রদান করা সম্ভব হবে। কেননা শাখাসমূহের ইউনিট গ্রাহকগণের স্বাক্ষর যাচাইকরণে প্রায়শই যানজট পেরিয়ে সংশ্লিষ্ট শাখায় গমন, সংশ্লিষ্ট কর্মকর্তাকে অনুসন্ধান, স্বাক্ষর রেজিস্টার অনুসন্ধান করে ম্যানুয়ালি স্বাক্ষর যাচাইকরণে অনেক সময় ব্যয় করতে হয় এবং এটি একটি কষ্টসাধ্য বিষয়ও বটে। তাছাড়া, ১৯৮১ সাল থেকে এই ফান্ডের যাত্রা শুরু হওয়ায় গ্রাহক চিহ্নিতকরণে রেজিস্টারসমূহ সু-সজ্জিতভাবে না থাকায় এবং ডেস্কটপ ভিত্তিক সফটওয়্যারে স্বাক্ষর না থাকায় গ্রাহকের অযথা ভোগান্তি বাড়ে, ব্যয় বাড়ে এবং অসন্তুষ্টি সৃষ্টি হয়। বিদ্যমান পদ্ধতিতে ডুপ্লিকেট লভ্যাংশপত্র ইস্যুকরণে ১০-১৫ দিন সময়ক্ষেপণ এবং ধারকগণকে কমপক্ষে ০৪-০৫ বার অফিসে আসতে হত, যা উদ্ভাবনী/প্রস্তাবিত পদ্ধতিতে ০৫-০৭ দিন এবং ভিজিট সংখ্যা কমিয়ে ০১-০২ বারে নামিয়ে আনা হয়েছে। পাশাপাশি গ্রাহকের খরচও উল্লেখযোগ্য হারে হ্রাস পাবে। | | |
| সেবাপ্রাপ্তির যোগ্যতা: | আইসিবি ইউনিট ধারক হতে হবে। | | |
| প্রয়োজনীয় কাগজপত্র: | আবেদনপত্র , ইনডিমিনিটি বন্ড যথাযথভাবে পূরণ ও স্বাক্ষর প্রদানসহ জাতীয় পরিচয়পত্র ও ছবি সংযুক্ত করতে হয়। | | |
| প্রয়োজনীয় ফি/ট্যাক্স/আনুষঙ্গিক খরচ: | কোনো ধরণের ফি/ট্যাক্স প্রদান করতে হয় না।<br>ধারকের যাতায়াত বাবদ ব্যয় (স্থান ভেদে) ১০০ - ৫০০ টাকা। | | |
| সংশ্লিষ্ট আইন/বিধি/নীতিমালা: | ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ আইন, ২০১৪; আইসিবি ইউনিট রেগুলেশনস, ১৯৮১, পরিচালনা বোর্ড কর্তৃক অনুমোদিত প্রবিধানমালা এবং ব্যবসায়িক, প্রশাসনিক ও আর্থিক ক্ষমতা অর্পণপত্র। | | |
| সেবা পেতে ব্যর্থ হলে পরবর্তী প্রতিকারকারী কর্মকর্তা: | উপ-মহাব্যবস্থাপক, মিউচ্যুয়াল ফান্ডস ডিভিশন। | | |
| সেবা প্রদান/প্রাপ্তির ক্ষেত্রে অসুবিধাসমূহ | ক. নাগরিক পর্যায়: | ক. যাতায়াত সমস্যা (যানজট/পরিবহন);<br>খ. বার্ধক্যজনিত কারণ;<br>গ. যাতায়াত ব্যয়। | |
| | খ. দাপ্তরিক পর্যায়: | ক. পর্যাপ্ত জনবল না থাকা;<br>খ. কেন্দ্রীয়ভাবে স্বাক্ষর সংরক্ষণ না করা;<br>গ. সংশ্লিষ্ট ব্যাংক হতে লভ্যাংশ নগদায়ন সংক্রান্তে বিলম্বে জবাব প্রাপ্তি;<br>ঘ. আইসিবি প্রধান কার্যালয়ের সাথে আইসিবি শাখাসমূহের/ ব্যাংক ও এজেন্ট ব্যাংকের Data Connectivity না থাকা; এবং<br>ঙ. স্বাক্ষর সম্বলিত রেজিস্টার সংরক্ষণে পদ্ধতিগত সমস্যা। | |
| অন্যান্য: | ক. ডাটা বেইজ হ্যাকিং | খ. সার্ভারের ত্রুটি জনিত সমস্যা | |

কাজী ছানাউল হক
ব্যবস্থাপনা পরিচালক

### ৩.৪ বিদ্যমান পদ্ধতির ধাপসমূহ:

৩.৪.১ আইসিবি ইউনিট ফান্ড ডিপার্টমেন্ট এর হেল্প ডেস্কে আগমন এবং সংশ্লিষ্ট কর্মকর্তার ডেস্কে গমন এবং সমস্যার বিবরণ বর্ণনা;

৩.৪.২ নিবন্ধন নম্বর পরীক্ষা ও লভ্যাংশপত্র অনুসন্ধান;

৩.৪.৩ লভ্যাংশপত্র পাওয়া গেলে বিতরণ, না পাওয়া গেলে ডুপ্লিকেট লভ্যাংশপত্র ইস্যুর নিমিত্ত আবেদনের পরামর্শ প্রদান;

৩.৪.৪ ধারক আইসিবি প্রধান কার্যালয়ের হলে স্বাক্ষর সত্যায়ন অন্যথায় ইউনিট ইস্যুকারী প্রতিষ্ঠান হতে স্বাক্ষর সত্যায়নের পরামর্শ প্রদান;

৩.৪.৫ ইস্যুকারী শাখায় গমন এবং সংশ্লিষ্ট কর্মকর্তার ডেস্কে গমন;

৩.৪.৬ রেজিষ্টার অনুসন্ধান;

৩.৪.৭ স্বাক্ষর সত্যায়ন;

৩.৪.৮ পুনরায় আইসিবি প্রধান কার্যালয়ে আগমন ও আবেদনপত্র জমা প্রদান;

৩.৪.৯ আবেদন যাচাইকরণ;

৩.৪.১০ নগদায়ন-অনগদায়নের অবস্থান জানতে আইএফআইসি ব্যাংক লি: -এ পত্র প্রেরণ;

৩.৪.১১ জবাব প্রাপ্তি;

৩.৪.১২ স্টপ পেমেন্ট এর পত্র প্রেরণ;

৩.৪.১৩ ডুপ্লিকেট লভ্যাংশপত্র ইস্যুর নিমিত্ত অডিট ডিপার্টমেন্টে নোট প্রেরণ;

৩.৪.১৪ নিরীক্ষা ছাড়পত্র প্রাপ্তি;

৩.৪.১৫ চূড়ান্ত অনুমোদনের নিমিত্ত নোট উপস্থাপন;

৩.৪.১৬ কর্তৃপক্ষের অনুমোদন;

৩.৪.১৭ লভ্যাংশপত্র মুদ্রণের নোট উপস্থাপন;

৩.৪.১৮ লভ্যাংশপত্র মুদ্রণ ও স্বাক্ষর প্রদান;

৩.৪.১৯ ব্যাংকে পত্র প্রেরণ এবং ধারককে অবহিতকরণ;

৩.৪.২০ রেজিস্টারে লিপিবদ্ধকরণ এবং ধারককের অনুকূলে ডুপ্লিকেট লভ্যাংশপত্র বিতরণ;

কাজী ছানাউল হক
ব্যবস্থাপনা পরিচালক

### ৩.৫ বিদ্যমান সেবার প্রসেস ম্যাপ:

P: গ্রাহক/ কর্তৃপক্ষ
সময়: ১ ঘন্টা

মোট ধাপ: ২০
সময়: ১০ - ১৫ দিন
জনবল: ৮ জন



### ৩.৬ সেবা গ্রহণ প্রক্রিয়ায় দাখিলীয় এবং অফিস কর্তৃক ব্যবহৃত কাগজাদি/দলিলাদির বর্ণনা:

| সেবা গ্রহীতাকে যা দাখিল করতে হয় | সেবা প্রদানের ক্ষেত্রে অফিসে যা ব্যবহৃত হয় |
|---|---|
| ছবি, জাতীয় পরিচয়পত্রের কপি এবং গ্রাহক কর্তৃক ডুপ্লিকেট লভ্যাংশপত্র ইস্যুর জন্য লিখিত আবেদনপত্র ও ইনডেমনিটি ফরম। | নির্ধারিত আবেদন ফরম ও ইনডেমনিটি ফরম এবং প্রয়োজনীয় কাগজপত্র সংযুক্ত করে ডুপ্লিকেট লভ্যাংশপত্রের জন্য গ্রাহকের আবেদন। স্বাক্ষর, স্থিতি যাচাই এবং ব্যাংকের নগদায়ন সংক্রান্ত পত্র। |

### ৩.৭ বর্তমান পদ্ধতির সমস্যাসমূহের সংক্ষিপ্ত বিবরণ:

১. আইসিবি প্রধান কার্যালয়ে সকল ইউনিট ধারকের স্বাক্ষর কেন্দ্রীয়ভাবে সংরক্ষিত নেই;
২. ডেস্কটপভিত্তিক সফট্ওয়্যারে শুধুমাত্র প্রধান কার্যালয়ের ইউনিট ধারকের স্বাক্ষর সংরক্ষণ করা হয়ে থাকে;
৩. সংশ্লিষ্ট ব্যাংক হতে যথাসময়ে লভ্যাংশপত্র নগদায়নের অবস্থান সম্পর্কে জবাব না আসা;
৪. গ্রাহকের ঠিকানা হালনাগাদ না থাকায় লভ্যাংশপত্রটি কোথায় আছে তা সনাক্ত করা কঠিন হয়ে পড়ে;
৫. শাখাসমূহে গ্রাহকের স্বাক্ষর সংক্রান্ত রেজিস্টার ম্যানুয়াল পদ্ধতিতে সংরক্ষণ করা হয়ে থাকে অর্থাৎ কাগজপত্র দ্বারা সকল তথ্য সংরক্ষণ করা হয় বিধায় প্রচুর সময় লেগে যায়;
৬. অবিতরণকৃত লভ্যাংশপত্র সংরক্ষণে পৃথক সফটওয়্যার মডিউল না থাকা/ডিজিটালি সংরক্ষণের সুযোগ না থাকা;
৭. কর্তৃপক্ষের অনুমোদনের জন্য প্রস্তুতকৃত নোটের অধিক ধাপ;
৮. গ্রাহকগণকে তাঁদের হারিয়ে যাওয়া লভ্যাংশের বিপরীতে ডুপ্লিকেট লভ্যাংশপত্র ইস্যুর অগ্রগতি সম্পর্কে ম্যানুয়ালি তথ্য প্রদান করা হয়।

### ৩.৮ ক্যাটাগরি অনুসারে সমস্যাসমূহের বিবরণঃ

| সমস্যার ক্ষেত্র/ক্যাটাগরি | সমস্যার বর্ণনা |
|---|---|
| সেবা প্রদান | ১. আইসিবি প্রধান কার্যালয় ব্যতীত আইসিবি-র অন্যান্য শাখা ও এজেন্ট ব্যাংক শাখাসমূহের ইউনিট ধারকগণের স্বাক্ষর কেন্দ্রীয়ভাবে সংরক্ষণ করা হয় না। ফলে ধারক/ধারকগণকে স্বাক্ষর সত্যায়নের জন্য সংশ্লিষ্ট শাখায় (ইউনিট ইস্যুকারী) গমন করতে হয়, ফলে প্রচুর সময় ও যাতায়াত ব্যয় হয়ে থাকে;<br>২. ডেস্কটপভিত্তিক সফটওয়্যার -এ প্রধান কার্যালয়ের ইউনিট গ্রাহকগণের স্বাক্ষর সংরক্ষণ করা হয়, যা সময় সময় আপডেট না করায় সঠিক তথ্য পাওয়া যায় না;<br>৩. প্রচলিত পদ্ধতিতে ডুপ্লিকেট লভ্যাংশপত্র ইস্যুর প্রয়োজনীয় কাগজপত্রাদি সংগ্রহের জন্য ইউনিট ধারককে প্রধান কার্যালয়ে ভিজিট করতে হয়, ফলে সেবা পেতে বিলম্ব হয়ে থাকে;<br>৪. সংশ্লিষ্ট ব্যাংক হতে লভ্যাংশপত্র নগদায়ন-অনগদায়ন সংক্রান্ত তথ্যাদি জানতে পত্র প্রেরণ এবং বিলম্বে জবাব প্রাপ্তি। |
| সেবার ধাপ | সেবার ধাপ অধিক থাকায় লভ্যাংশপত্র ইস্যুর কাজটি কোন পর্যায়ে রয়েছে তা সনাক্ত করা কঠিন হয়। |
| নির্ভরশীলতা | * লভ্যাংশপত্র নগদায়ন-অনগদায়ন বিষয়ে সংশ্লিষ্ট ব্যাংকের ওপর নির্ভরশীলতা;<br>* এজেন্ট ব্যাংকসমূহ হতে স্বাক্ষর সত্যায়নের ক্ষেত্রে নির্ভরশীলতা; |
| সম্পৃক্ত জনবল | কেন্দ্রীয়ভাবে স্বাক্ষর সংরক্ষণের ব্যবস্থা না থাকায় অধিক জনবলের সম্পৃক্ততা থাকে; |
| রেকর্ড/তথ্য উপাত্ত সংরক্ষণ | ১) স্বাক্ষর সংক্রান্ত রেজিস্টার ম্যানুয়াল পদ্ধতিতে সংরক্ষণ;<br>২) অবিতরণকৃত লভ্যাংশপত্র সংরক্ষণে পৃথক সফটওয়্যার মডিউল না থাকা;<br>৩) গ্রাহকের ঠিকানা হালনাগাদ না থাকা; |
| সুনির্দিষ্ট সিস্টেম/ফরমেট | সুনির্দিষ্ট সিস্টেম/ফরমেট/নির্দেশনা না থাকায় গ্রাহকগণের নিকট সংস্থার জবাবদিহিতার অভাব দেখা দেয়। |
| প্রক্রিয়ার অগ্রগতি | গ্রাহকগণকে লভ্যাংশপত্র ইস্যুর অগ্রগতি সম্পর্কে ধারণা দেয়া কঠিন হয়ে পড়ে। |

কাজী ছানাউল হক
ব্যবস্থাপনা পরিচালক

## ৪. প্রস্তাবিত পদ্ধতির ডিজাইন

### ৪.১ পূর্বের/বিদ্যমান পদ্ধতির সমস্যা সমাধানে ক্যাটাগরি ভিত্তিক প্রস্তাবনা ও সুফল:

| সমস্যার ক্ষেত্রে ক্যাটাগরি | প্রস্তাবিত পদ্ধতির বর্ণনা | সুফল |
|---|---|---|
| আবেদনপত্র/ফরম তথ্য-উপাত্ত রেজিস্টার ইত্যাদি | আইসিবি-র ওয়েবসাইট হতে আবেদন ফরম/ইনডেমনিটি ফরম সংগ্রহ | ইউনিট ধারকগণ সহজে আবেদন করতে পারবেন। তাঁদের সময় ও খরচ বাঁচবে। দূরবর্তী স্থানে বসবাসরত আবেদনকারীর কষ্ট লাঘব হবে। |
| সেবার ধাপ | * লভ্যাংশপত্র নগদায়ন/অ-নগদায়ন সংক্রান্তে সংশ্লিষ্ট ব্যাংকে ই-মেইল প্রেরণ করা হবে। ফলে দ্রুততম সময়ে নগদায়ন-অনগদায়ন অবস্থা জানা যাবে;<br>* BEFTN -এ গ্রাহকের লভ্যাংশপত্র প্রেরণ করা হলে ভবিষ্যতে ডুপ্লিকেট ইস্যুর আর প্রয়োজন হবে না;<br>* বিভাগীয় সেবার ধাপ কমবে। | * সময় ও ব্যয় হ্রাস পাবে।<br>* সঠিক সময়ে তথ্য প্রাপ্তি সম্ভব হবে। |
| সম্পৃক্ত জনবল | সংশ্লিষ্ট টিম কর্তৃক ত্বরিত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ। | * TCV হ্রাস পাবে<br>* জনবল সম্পৃক্ততা কমবে। |
